

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় কার্যালয়
মিঠামইন, কিশোরগঞ্জ।

স্মারক নং-৪৭.৬১.৪৮৫৯.০০০.২৭.০০১.১৯-৬৫

তারিখঃ ২২.০১.২০১৯খ্রিঃ।

গণবিজ্ঞপ্তি

এতদ্বারা মিঠামইন উপজেলার সমবায় সমিতি সমূহের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ ও সদস্যগণকে জানানো যাচ্ছে যে, এ দপ্তর থেকে তাদের/তার প্রাপ্য সেবা প্রতিকার ইত্যাদি সহজে প্রাপ্তির লক্ষ্যে তাদের/তার মূলবান পরামর্শ নিম্নস্বাক্ষরকারীর একান্ত কাম্য। এ জন্যে এ দপ্তরে পরামর্শ বক্স স্থাপন করা হয়েছে। তাদের/তার যে কোন প্রকার পরামর্শ ঐ বক্সে প্রদান করতে বিশেষ ভাবে অনুরোধ করা যাচ্ছে। পরামর্শ বক্স প্রতি মঙ্গলবার (যদি সরকারী ছুটি না থাকে) দুপুর ০২.০০ ঘটিকায় খোলা হবে এবং পরামর্শ বাস্তবায়নে সমবায় সমিতি আইন ও বিধিমালার আলোকে ব্যবস্থা গ্রহণ করা হবে।

জনস্বার্থে এ বিজ্ঞপ্তি জারী করা হলো।

স্বাক্ষরিত/-

(মোঃ আবু আছলাম)
উপজেলা সমবায় অফিসার
মিঠামইন, কিশোরগঞ্জ
ফোন-০৯৪৩৫-৫৬০৩৬

ই-মেইল- uco.mithamoin@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় কার্যালয়
মিঠামইন, কিশোরগঞ্জ।

স্মারক নং-৪৭.৬১.৪৮৫৯.০০০.২৭.০০১.১৯-৬৬

তারিখঃ ২২.০১.২০১৯খ্রিঃ।

গণশুনানির বিজ্ঞপ্তি

এতদ্বারা মিঠামইন উপজেলার সমবায় সমিতি সমূহের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ এবং সমবায়ীগণকে জানানো যাচ্ছে যে, সমবায় সমিতি ও সমবায়ীগণের যে কোনো প্রকার অভিযোগ এ দপ্তরে দাখিলের পরবর্তী মঞ্জলবার (যদি সরকারী ছুটি না থাকে) অভিযোগ নিষ্পত্তির লক্ষ্যে গণশুনানি অনুষ্ঠিত হবে। উক্ত গণশুনানিতে অভিযোগকারীকে অভিযোগের স্বপক্ষে গ্রহনযোগ্য প্রমাণক ও স্বাক্ষরসহ উপস্থিত থেকে এ কাজে সার্বিক সহায়তা প্রদান করতে বিশেষভাবে অনুরোধ করা হলো। উল্লেখ্য অভিযোগের বিষয়টি অভিযুক্ত ব্যক্তি/কর্তৃপক্ষ/প্রতিষ্ঠানকে গণশুনানীতে উপস্থিত থাকার বিষয়টি অভিযোগকারীকে নিশ্চিত করতে হবে।

জনস্বার্থে এ বিজ্ঞপ্তি জারী করা হলো।

স্বাক্ষরিত/-

(মোঃ আবু আছলাম)
উপজেলা সমবায় অফিসার
মিঠামইন, কিশোরগঞ্জ
ফোন-০৯৪৩৫-৫৬০৩৬

ই-মেইল- uco.mithamoin@gmail.com